

## 💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

১৭: ঈমানের এই ৬টি মূলনীতির দাবী কি?

আল্লাহ্র প্রতি ঈমানের দাবী হচ্ছে, তিনি আরশের উপর আছেন তার স্বীকৃতি দিতে হবে। তাঁর রুব্বিইয়াত, উল্হিইয়াত এবং সুন্দরতম নামসমূহ ও গুণাবলীরও স্বীকৃতি দিতে হবে। ফেরেশতামগুলীর প্রতি ঈমান আনার অর্থ হচ্ছে, তাঁদের বিদ্যমানতা এবং নানাবিধ কর্মকাণ্ড সম্পর্কে বিশ্বাস পোষণ করা। কিতাবসমূহের প্রতি ঈমান আনার অর্থ হচ্ছে, এই বিশ্বাস করতে হবে যে, আল্লাহ তাঁর রাসূলগণের উপর আসমানী কিতাবসমূহ অবতীর্ণ করেছেন। যেমনঃ তাওরাত, ইঞ্জীল, যাবূর, ছুহুফে ইবরাহীম এবং কুরআন। আমাদেরকে আরো বিশ্বাস করতে হবে যে, কুরআন ব্যতীত অন্যান্য মৌলিক আসমানী কিতাবসমূহে পরিবর্তন-পরিবর্ধন সাধিত হয়েছে। রাসূলগণের প্রতি ঈমান আনার অর্থ হচ্ছে, আমাদেরকে এই বিশ্বাস করতে হবে যে, আল্লাহ মানব জাতির হেদায়াতের জন্য অনেক রাসূল প্রেরণ করেছেন, আল-কুরআনুল কারীমে তাঁদের অনেকের নাম উল্লেখ করা হয়েছে। সর্বপ্রথম রাসূল হলেন, নূহ আলাইহিস সালাম এবং সর্বশেষ ও সর্বোত্তম হচ্ছেন, মুহাম্মাদ সাল্লাল্লাভ্রণ আলাইহি ওয়াসাল্লাম। আখেরাতের প্রতি ঈমান আনার অর্থ হচ্ছে, আথেরাতের হিসাব-নিক্কাশ, প্রতিদান, জান্নাত-জাহান্নাম এবং এই দিন সম্পর্কে কুরআন-হাদীসের বক্তব্যের প্রতি বিশ্বাস স্থাপন করা। আর তাকদীরের প্রতি ঈমান আনার অর্থ হচ্ছে, আমাদেরকে এই বিশ্বাস করতে হবে যে, সবকিছুকে আল্লাহ সৃষ্টি করেছেন, সেগুলি সৃষ্টি হওয়ার আগেই তিনি সেসম্পর্কে জ্ঞান রাখতেন, তিনি তা লাওহে মাহফূযে লিখে রেখেছেন এবং সবকিছু তাঁর ইচ্ছাতেই সংঘটিত হয়েছে। মহান আল্লাহ বলেন,

﴿ إِنَّا كُلَّ شَيِاءٍ خَلَقائنهُ بِقَدَرٍ ٤٩ ﴾ [القمر: ٤٩]

"নিশ্চয় প্রত্যেকটি জিনিসকে আমরা পরিমিতরূপে সৃষ্টি করেছি" (আল-ক্লামার ৪৯)। অন্যত্র এসেছে,

﴿ وَوَعِندَهُ اللَّهِ مَفَاتِحُ ٱللَّغَيابِ لَا يَعالَمُهَاۤ إِلَّا هُواۤ وَيَعالَمُ مَا فِي ٱللَّبَرِّ وَٱللَّبَحارِاۤ وَمَا تَساقَفُ مِن وَرَقَةٍ إِلَّا هُواۤ وَيَعالَمُ مَا فِي ٱللَّبَرِّ وَٱللَّبَحارِاۤ وَمَا تَساقَفُ مِن وَرَقَةٍ إِلَّا يَعالَمُهَا وَلَا حَبَّةٖ فِي ظُلُمُتِ ٱللَّأَرااَضِ وَلَا رَطالِب وَلَا يَابِسٍ إِلَّا فِي كِتُب مُّبِينِ ٥٩ ﴾ [الانعام: ٥٩]

"তাঁর কাছেই গায়েবী জগতের চাবি রয়েছে; এগুলি তিনি ব্যতীত কেউ জানে না। স্থলে ও জলে যা কিছু আছে, তিনিই জানেন। তাঁর জানার বাইরে (গাছের) কোন পাতাও ঝরে না। তারুদীরের লিখন ব্যতীত কোন শস্যকণা মৃত্তিকার অন্ধকার অংশে পতিত হয় না এবং কোন আর্দ্র ও শুষ্ক দ্রব্যও পতিত হয় না" (আন'আম ৫৯)। মহান আল্লাহ আরো বলেন,

﴿ أَلَمِ اَعَالَمِ أَنَّ ٱللَّهَ يَعالَمُ مَا فِي ٱلسَّمَآءِ وَٱلاَأَرااضِ إِنَّ ذَٰلِكَ فِي كِتُبٍ إِنَّ ذَٰلِكَ عَلَى ٱللَّهِ يَسِيرا ٧٠ ﴾ [الحج: ٧٠]

"তুমি কি জানো না যে, আসমান ও যমীনে যা কিছু আছে, সে সম্পর্কে আল্লাহ সম্যক অবগত। এসবই কিতাবে লিখিত আছে। নিশ্চয়ই তা আল্লাহ্র কাছে সহজ" (হজ্জ ৭০)। তিনি আরো এরশাদ করেন,



## ﴿ وَمَا تَشَآءُونَ إِلَّا أَن يَشَآءَ ٱللَّهُ رَبُّ ٱلسَّعْلَمِينَ ٢٩ ﴾ [التكوير: ٢٩]

"তোমরা আল্লাহ রব্বুল আলামীনের ইচ্ছার বাইরে কোনো কিছুই ইচ্ছা করতে পার না" (তাকভীর ২৯)। তাছাড়া রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«احْفَظِ اللَّهَ يَحْفَظْكَ، احْفَظِ اللَّهَ تَجِدْهُ تُجَاهَكَ، إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهَ، وَإِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللَّهِ، وَاعْلَمْ أَنَّ اللَّهُ يَحْفُظِ اللَّهَ تَجِدْهُ تُجَاهَكَ، إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهُ، وَإِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللَّهِ، وَاعْلَمْ أَنَّ يَضُرُّوكَ الأُمَّةَ لَوْ اجْتَمَعُوا عَلَى أَنْ يَضُرُّوكَ الأُمَّةَ لَوْ اجْتَمَعُوا عَلَى أَنْ يَضُرُّوكَ بِشَيْءٍ لَمْ يَضُرُّوكَ إِلاَّ بِشَيْءٍ لَمْ يَضُرُّوكَ اللَّهُ عَلَيْكَ، رُفِعَتِ الأَقْلاَمُ وَجَقَّتْ الصَّحُفُ»

"আল্লাহ্র আদেশ-নিষেধের হেফাযত কর, তাহলে তিনি তোমাকে হেফাযত করবেন। আল্লাহ্র অধিকার রক্ষা কর, তাহলে তুমি তাঁকে তোমার সামনে পাবে। যখন কোনো কিছু চাইবে, তখন আল্লাহ্র কাছেই চাও। অনুরূপভাবে যখন সাহায্য প্রার্থনা কর। জেনে রেখো, যদি পৃথিবীর সবাই একত্রিত হয়ে তোমার উপকার করতে চায়, তাহলে আল্লাহ যতটুকু লিখে রেখেছেন, তার চেয়ে সামান্যতম বেশী উপকার করতে পারবে না। পক্ষান্তরে যদি তারা সবাই একত্রিত হয়ে তোমার ক্ষতি সাধন করতে চায়, তাহলে আল্লাহ যতটুকু লিখে রেখেছেন, তার চেয়ে বেশী ক্ষতি করতে পারবে না। তাকদীরের লিখন শেষ হয়ে গেছে" (তিরমিযী, তিনি হাদীসটিকে 'হাসান-সহীহ' বলেছেন)। তিরমিয়ী ছাড়া অন্য বর্ণনায় এসেছে, "তুমি আল্লাহ্র অধিকার রক্ষা কর, তাহলে তাঁকে তুমি তোমার সামনে পাবে। তোমার সুখণ্ডস্বাচ্ছন্দের সময় আল্লাহকে চিনো, তাহলে কন্ট-কাঠিন্যের সময় তিনি তোমাকে চিনবেন। জেনে রেখো, তাক্ষদীরে যদি লেখা থাকে, তোমার কিছু ভুল হবে, তাহলে তা কখনই সঠিক হতে পারে না। পক্ষান্তরে তাকদীরে যদি লেখা থাকে, তোমার সঠিক কিছু হবে, তাহলে তা কখনই ভুল হতে পারে না। জেনে রেখো, ধৈর্য্যের সাথেই রয়েছে প্রকৃত বিজয়, দুঃখ কন্টের সাথেই রয়েছে আনন্দ এবং জটিলতার সাথেই রয়েছে সহজতা"।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1502

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন